1 (Sem–4/FYUGP) BEN 41 MN/(A)

# 2026

## BENGALI

## ( Minor )

Paper : BEN4400504MN

( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাস )

( Set–A )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর লেখো : ১×৮=৮

(ক) 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা' গ্রন্থটির প্রকাশকাল কত?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম খণ্ডটির নাম উল্লেখ করো।

(গ) বাংলা সাহিত্যে কোন্ কবিকে 'কবিসার্বভৌম' বলা হয়?

(ঘ) 'মনসাবিজয়' গ্রন্থটির রচয়িতা কে?

(ঙ) 'দুর্গামঙ্গল' কাব্যধারার একজন কবির নাম উল্লেখ করো।

(চ) রামেশ্বর ভট্টাচার্য রচিত শিবায়ন-বিষয়ক গ্রন্থটির নাম উল্লেখ করো।

(ছ) 'সতীময়না' নামক রোমান্টিক আখ্যানকাব্যটি কার রচিত ?

(জ) রবীন্দ্রনাথ কোন্ বাউল সাধকের পদ আস্বাদনে মুগ্ধ হয়েছিলেন ?

২। সংক্ষেপে যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর লেখো : ২×৬=১২

(ক) কবি জয়দেব গোস্বামী কোন্ রাজার সভাকবি ছিলেন ? তাঁর রচিত বিখ্যাত কাব্যগ্রন্থটির নাম উল্লেখ করো।

(খ) কার নেতৃত্বে, কত খ্রিস্টাব্দে বাংলাদেশে প্রথম তুর্কি আক্রমণ ঘটেছিল ?

(গ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যগ্রন্থের সূচনা ও সমাপ্তিকাল উল্লেখ করো।

(ঘ) চৈতন্য-পরবর্তী দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(ঙ) 'ধর্মমঙ্গল' কাব্যের কাহিনিদ্বয়ের নাম উল্লেখ করো।

(চ) ভারতচন্দ্র কোন্ রাজার সভাকবি নিযুক্ত হয়েছিলেন ? ভারতচন্দ্র রচিত বিখ্যাত কাব্যগ্রন্থটির নাম উল্লেখ করো।

(ছ) দৌলত কাজী রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

(জ) 'মহারাষ্ট্র পুরাণ' কাব্যের রচয়িতা কে ? এই কাব্যের বিষয়বস্তু কী ?





(ঝ) 'চর্যাগীতি' কে, কবে আবিষ্কার করেছিলেন ?

(ঞ) 'ময়মনসিংহ গীতিকা'-র অন্তর্গত যে কোনো দুটি পালার নাম লেখো।

৩। নিম্নলিখিত যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'চর্যাগীতি'-র নামকরণ বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

(খ) টীকা লেখো : শ্রীকর নন্দী বা ঘনরাম চক্রবর্তী

(গ) চৈতন্যজীবনী-কাব্য হিসেবে 'শ্রী শ্রী চৈতন্যচরিতামৃত' কাব্যের গুরুত্ব আলোচনা করো।

(ঘ) বৈষ্ণব পদকর্তা গোবিন্দদাসের কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) 'মনসামঙ্গল' কাব্যধারায় কেতকাদাস ক্ষেমানন্দের কৃতিত্বের পরিচয় দাও।

(চ) বাংলা সাহিত্যে কবি বিদ্যাপতির অবদান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(ছ) নাথসাহিত্যের অন্তর্গত 'ময়নামতী গোপীচন্দ্র' কাহিনিটি সংক্ষেপে আলোচনা করো।

(জ) 'বাউল গান' সম্পর্কে আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা প্রস্তুত করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে প্রতিফলিত সমাজচিত্রের পরিচয় দাও।

(গ) 'মনসামঙ্গল' কাব্যধারায় কবি নারায়ণ দেবের কাব্যকৃতির পরিচয় দাও।

(ঘ) "তিনি সজ্ঞানে সচেতনভাবে আধুনিকতার সূত্রপাত করেননি, তবু তাঁর থেকেই আধুনিক বাংলা সাহিত্যের আভাস-ইঙ্গিত ফুটে উঠতে আরম্ভ করে।"—ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য সম্পর্কে সমালোচকের এই উদ্ধৃতির সার্থকতা বিচার করো।

(ঙ) বাংলা সাহিত্যের ইতিহাসে মুসলমান কবি দৌলত কাজীর অবদান সম্পর্কে আলোচনা করো।

★★★